



৯ মে, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

ময়মনসিংহে আহমেদিয়া সম্প্রদায়ের একজন ইমামকে কুপিয়ে আহত করা ঘটনায় উদ্বেগ ও নিন্দাসহ ঘটনার দ্রুত তদন্ত ও বিচার দাবি করছে ব্লাস্ট

গত ৮ মে ২০১৭ তারিখ ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার সরিষা ইউনিয়নের খানপুর গাংপাড়া গ্রামের আহমেদিয়া সম্প্রদায়ের একজন ইমামকে কুপিয়ে আহত করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও তীব্র নিন্দা জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। ব্লাস্ট এই ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি সকলের নাগরিক অধিকার এবং ভিকটিম ও সাক্ষীদের সুরক্ষা নিশ্চিত করার জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, সোমবার রাত পৌনে ৯ টার দিকে উপজেলার সরিষা ইউনিয়নের কানপুর গাংপাড়া গ্রামের আহমেদিয়াদের ইমামের ওপর এ হামলার ঘটনা ঘটে। বর্তমানে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি আছেন।

এই ধরনের নির্যাতন বাংলাদেশের সংবিধান স্বীকৃত মৌলিক অধিকার পরিপন্থি বিশেষত সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন।

এই ঘটনা প্রসঙ্গে ব্লাস্টের ট্রাস্টি বোর্ডের সদস্য এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী জেড আই খান পান্না বলেন, “ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার আহমেদিয়া সম্প্রদায়ের একজন ইমামের উপর হামলার তীব্র নিন্দা জানাচ্ছি। যারা এই ধরনের হামলার সাথে জড়িত তাদের কঠোর শাস্তি প্রদান করার দাবি জানাচ্ছি।”

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল: mahbuba@blast.org.bd